

দৈনিক
ইনফিল্ডাব

ক্যাডেট কলেজগুলোর
সাকল্যের ধারা অব্যাহত
পাসের হার ৯৯.৭৯

স্টাফ রিপোর্টার : গতকাল প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফলে দেশের ক্যাডেট কলেজগুলো তাদের সাকল্যের ধারা বজায় রেখেছে। ব্যতিক্রমী এসব শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের মধ্যে পাসের হার হচ্ছে ৯৯ দশমিক ৭৯ ভাগ। এদের ৭৬ দশমিক ১৫ ভাগ পেয়েছে জিপিএ -৫(এ+) গ্রেড। বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের মধ্যে এ(+) গ্রেডের-হার হচ্ছে ৮৩ ভাগ ও মানবিক ৩৭ দশমিক ১৪ ভাগ।

বিজ্ঞান বিভাগে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৯ জন, তিনাইদহ ক্যাডেট কলেজের ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৭ জন, মির্জাপুর ক্যাডেট কলেজের ৪৯ জনের মধ্যে ৪৩ জন, রাজশাহী ক্যাডেট কলেজের ৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ৪১ জন, সিলেট ক্যাডেট কলেজের ৩৬ জনের মধ্যে ২৭ জন, রংপুর ক্যাডেট কলেজের ৩৯ জনের মধ্যে ৩৫ জন, বরিশাল ক্যাডেট কলেজের ৩৮ জনের মধ্যে ৩২ জন, পাবনা ক্যাডেট কলেজের ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৫ জন, কুমিল্লা ক্যাডেট কলেজের ৩৯ জনের মধ্যে ৩৪ জন ও ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ৪৪ জনের মধ্যে ৩৫ জন।

মানবিক বিভাগে ফৌজদারহাট ক্যাডেট কলেজ থেকে ৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩ জন, তিনাইদহ থেকে ৮ জনের মধ্যে ৩ জন, মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে ১ জনের মধ্যে ১ জন, রাজশাহী ক্যাডেট কলেজ-এর ৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ জন, রংপুর ক্যাডেট কলেজের ১১ জনের মধ্যে ৩ জন, বরিশাল ক্যাডেট কলেজের ১২ জনের মধ্যে ৬ জন, পাবনা ক্যাডেট কলেজের ৭ জনের মধ্যে ৫ জন, কুমিল্লা ক্যাডেট কলেজের ৮ জনের মধ্যে ২ জন। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ও সিলেট ক্যাডেট কলেজ থেকে মানবিক বিভাগে জিপিএ-৫ পাশনি।